



“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং : একা-বৃত্তি-৬৪২/২০২৩/৮২৯৬/৫৩/সা:

তারিখ : ১৬.০৮.২০২৩

বরাবর

১. সভাপতি, সকল বিভাগ, চ.বি.
২. পরিচালক, সকল ইনসিটিউট, চ.বি.

বিষয় : “বিদ্যানন্দ ফাউন্ডেশন” কর্তৃক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ১০০ জন দরিদ্র মেধাবী শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

উপরোক্ত বিষয়ে আপনাকে জানানো যাচ্ছে যে “বিদ্যানন্দ ফাউন্ডেশন” কর্তৃপক্ষ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ১০০ জন দরিদ্র মেধাবী শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তে পুনরায় এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে একটি অনুষ্ঠানের মাধ্যমে এ শিক্ষাবৃত্তির অর্থ নির্বাচিত ছাত্র/ছাত্রীকে হস্তান্তর করা হবে।

শর্তাবলী :

- ১। সর্বমোট ১০০ (একশত) জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে।
- ২। শিক্ষাবৃত্তি এককালীন প্রদান করা হবে।
- ৩। বৃত্তি পাওয়ার ক্ষেত্রে মেধা এবং আর্থিক অবস্থা প্রাধান্য পাবে। অর্থাৎ তুলনামূলক দরিদ্র ও গ্রামের মেধাবী শিক্ষার্থীদের বাছাই করতে হবে। যাদের মাঝে অন্তত ৫০% শিক্ষার্থী মেয়ে হবে।
- ৪। প্রতিটি বিভাগ/ইনসিটিউট থেকে অন্তত ২ জনকে নির্বাচিত করা যাবে, যাতে ১ জন ছেলে ও ১ জন মেয়ে শিক্ষার্থী থাকবে। তবে কোন বিভাগ/ইনসিটিউট থেকে ২ জনের অধিক শিক্ষার্থী নির্বাচন করা যাবেনা। যারা নির্বাচিত হবে তারা যেন অবশ্যই আর্থিকভাবে অসচ্ছল হয়।
- ৫। নির্দিষ্ট আবেদন ফরম প্রযোজ্য হবে, যা বিদ্যানন্দ ফাউন্ডেশনের পক্ষ থেকে সরবরাহকৃত (আবেদন ফরম ফটোকপি করা যাবে)।
- ৬। শিক্ষার্থীরা পূরণকৃত আবেদনপত্র সংশোধিত বিভাগ/ইনসিটিউটে জমা দিবে।
- ৭। উপরে বর্ণিত শর্তাবলী অনুসরণ করে বিভাগীয় সভাপতি / ইনসিটিউটের পরিচালক ছাত্র/ছাত্রী নির্বাচন করে নির্বাচিত ছাত্র/ছাত্রীর নামের তালিকা ও আবেদনপত্র একাডেমিক শাখায় প্রেরণ করবেন।

এমতাবস্থায়, উপরে বর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক ছাত্র/ছাত্রী নির্বাচন করে নির্বাচিত ছাত্র/ছাত্রীর নামের তালিকা ও পূরণকৃত আবেদনপত্র আগামী ২৪ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে নিম্নাক্ষরকারীর নিকট পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে আদেশক্রমে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

সংযুক্তি : আবেদন ফরম

আপনার বিষ্ণু,

স্বাক্ষরিত-

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)

রেজিস্ট্রার দণ্ডর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

তারিখ: ১৬.০৮.২০২৩

স্মারক নং: একা-৬৪২/২০২৩/৮২৯৬/৫৩(৩২)/সা:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। ডিন, সকল অনুষদ, চ.বি.
- ২। প্রভোস্ট, সকল হল, চ.বি.
- ৩। ওয়ার্ডেন, শিল্পী রশিদ চৌধুরী হোস্টেল, চ.বি.
- ৪। ~~পরিচালক, আইসিটি সেল, চ.বি। [চ.বি. ওয়েব সাইট ও ফেসবুক পেইজে বিজ্ঞপ্তি আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]~~
- ৫। হিসাব নিয়ামক, চ.বি.
- ৬। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দণ্ডর, চ.বি.
- ৭। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য দণ্ডর, চ.বি.
- ৮। সহকারী রেজিস্ট্রার (সংযুক্ত শাখা), রেজিস্ট্রার দণ্ডর, চ.বি.
- ৯। জনাব মোহাম্মদ মোবারক, সিনিয়র অফিসার ম্যানেজমেন্ট অফিস, “বিদ্যানন্দ ফাউন্ডেশন” হাউজ নম্বর : ১৩, রোড নম্বর : ২/বি, পল্লবী আবাসিক এলাকা, মীরপুর, ঢাকা-১২১৬
- ১০। নথি

Sultana
16.08.2023

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)

রেজিস্ট্রার দণ্ডর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

Sultana
16.08.2023



পড়বো, খেলবো, শিখবো

Bidyanondo Foundation Bangladesh

Email:support@bidyanondo.org

সভাপতি কর্তৃক
সভায়িত দ্বাৰা

শিক্ষাবৃত্তি আবেদন পত্র

আবেদনকারীর নাম	বাংলা ইংরেজি	পেশা:	বাংসরিক আয়ের পরিমাণ:
পিতার নাম:		পেশা:	বাংসরিক আয়ের পরিমাণ:
মাতার নাম:		শিক্ষার্থীর আই টিপ্পি:	বর্ষ:
বিভাগের নাম:			
বিশ্ববিদ্যালয়ের সর্বশেষ রেজাল্ট	জেলাঃ	উপজেলাঃ	গ্রামঃ
স্থায়ী ঠিকানা (অভিভাবক)	থানাঃ	ডাকঃ	ইউনিয়নঃ
	ওয়ার্ড নং:	উপজেলাঃ	গ্রামঃ
অস্থায়ী ঠিকানা	থানাঃ	ডাকঃ	ইউনিয়নঃ
	ওয়ার্ড নং:		
পড়ালেখার খরচের উৎস		পরিষ্কার ফিঃ	অন্যান্যঃ
সেমিস্টার ফিঃ হোস্টেল ফিঃ			
টিউশনি বা অন্য পেশায় যুক্ত কি না (৩ মাসের আইয়ের পরিমাণ)	১।		
	২।		
ভাই বোনের সংখা / পেশা / জ্যো	৩।		
	৪।		
মোবাইল নাম্বার ও ইমেইল			
জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয়			
পত্রের নাম্বার			
অতিরিক্ত প্রযোজ্য তথ্য			

আবেদনকারীর স্বাক্ষর

বিভাগের সভাপতির স্বাক্ষর ও সীল

বিদ্যানন্দ ফাউন্ডেশন কর্তৃক পূরণীয়

প্রদানকারীর স্বাক্ষর

*S. M. Islam
16.08.2023*

গ্রহীতার স্বাক্ষর